যে ব্যক্তি আমাদের ছোটদের প্রতি দয়া করে না এবং আমাদের বড়দের সম্মান জানে না সে আমার দলভুক্ত নয়।

আব্দুল্লাহর ইবন ‘আমর ইবনুল ‘আস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত “যে ব্যক্তি আমাদের ছোটদের প্রতি দয়া করে না এবং আমাদের বড়দের সম্মান জানে না সে আমার দলভুক্ত নয়।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

মুসলিমদের মধ্যে যারা ছোটদের প্রতি অনুগ্রহ, দয়া এবং তাদের সাথে খেল তামাশা করে না তারা সুন্নাতের অনুসারী এবং সুন্নাতকে আঁকড়ে ধরেন এমন মুসলিম নন। অনুরূপভাবে যে বড়দের উপযুক্ত ইজ্জত ও সম্মান সম্পর্কে জানে না সেও।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3083